



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০০১.১৯-২৬৬১/১০

তারিখ: ১৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশকে উন্নত ও সমৃদ্ধ রাষ্ট্রে উন্নীত করার যে স্বপ্ন তা বাস্তবায়ন করবে আমাদের দেশের শিক্ষার্থীরা। তাই এ সকল শিক্ষার্থীদেরকে মানসম্মত শিক্ষাদানের মাধ্যমে সৃজনশীল, সৃষ্টিশীল, নীতিবান, দেশপ্রেমিক, মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ এবং তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এ জন্য প্রয়োজন মানসম্মত দক্ষ নিবেদিতপ্রাণ শিক্ষক। তাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক এবং শিক্ষার্থীদের মানোন্নয়নের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন এবং বাস্তবায়ন নিশ্চিত করবেন।

- শিক্ষকগণের শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে উপস্থিতি এবং ফলপ্রসূ পাঠদান নিশ্চিত করতে হবে;
- প্রাত্যহিক সমাবেশে শিক্ষার্থীদেরকে দিয়ে দুইটি নৈতিক বাক্য পাঠ করাতে হবে;
- শিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের নিয়ে নিয়মিতভাবে ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করবেন;
- নির্ধারিত শিক্ষকের অনুপস্থিতিতে কোনো ক্লাস বন্ধ রাখা যাবে না;
- শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তকের বাইরে কোনো নোটবুক এবং গাইড বই ব্যবহার করা যাবে না;
- মাল্টিমিডিয়া ও কম্পিউটার ল্যাব ব্যবহার নিশ্চিত এবং সকল শিক্ষককে আইসিটি বিষয়ে পারদর্শী হতে হবে;
- সহ-শিক্ষা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন এবং বিজ্ঞানাগার ও লাইব্রেরি ব্যবহার নিশ্চিত করতে হবে;
- শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক পর্যায়ের) নির্বাচিত 'স্টুডেন্টস কেবিনেট'-এর কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে;
- মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার-পরিচ্ছন্ন এবং স্বাস্থ্যসম্মত রাখার নিশ্চয়তা বিধান করতে হবে;
- প্রতিষ্ঠানের লাইব্রেরিতে শিক্ষার্থীদের নাগালের মধ্যে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খণ্ড)' রাখা এবং পড়ার জন্য উৎসাহিত করতে হবে;
- শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড কর্তৃক সময় সময় জারিকৃত অফিস আদেশ, পরিপত্র ও প্রজ্ঞাপন সংরক্ষণ, অনুসরণ এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

উপরোক্ত করণীয় বিষয়সমূহ প্রতিষ্ঠান প্রধানগণ বাস্তবায়ন করবেন। উর্ধ্বতন কর্তৃপক্ষ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে এ সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ এবং পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করবেন।

স্বাক্ষরিত-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (বিতরণ জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- প্রতিষ্ঠান প্রধান (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান)
- পরিচালক (মনিটরিং অ্যান্ড ইভালুয়েশান উইং) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
- জেলা শিক্ষা কর্মকর্তা..... (সকল জেলা)
- উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা..... (সকল উপজেলা)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা
- পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/ফিন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- সংরক্ষণ নথি।

৩১/০১/২০১৯

প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা
পরিচালক (কলেজ ও প্রশাসন)

ফোন: ৯৫৬৩৪৩৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-২৬

তারিখ- ৩১/০১/২০১৯ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

- জেলা শিক্ষা অফিসার(সকল)-----, বরিশাল অঞ্চল, বরিশাল। (সংযুক্ত অফিস আদেশের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন এবং বাস্তবায়ন নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা),----- বরিশাল অঞ্চল, বরিশাল। (সংযুক্ত অফিস আদেশের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন এবং বাস্তবায়ন নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- সংরক্ষণ নথি।

৩১.০১.২০১৯
প্রফেসর মোঃ মোরাজ্জম হোসেন-৭৩৭৩
পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল